# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১৮. ইবরাহীম (আ) এর তাওয়াক্কুল

ইবরাহীম (আঃ)-এর নামে প্রচলিত একটি বানোয়াট গল্প নিম্নরূপ: তাঁকে যখন আগুনে নিক্ষেপ করা হয় তখন জিবরাঈল (আ.) এসে তাঁকে বলেন: আপনার কোনো প্রয়োজন থাকলে আমাকে বলুন। তিনি বলেন: আপনার কাছে আমার কোনো প্রয়োজন নেই। জিবরাঈল (আ.) বলেন: তাহলে আপনি আপনার প্রতিপালকের কাছে প্রার্থনা করুন। তখন তিনি বলেন:

حَسْبِيْ مِنْ سُؤَالِيْ عِلْمُهُ بِحَالِيْ

“তিনি আমার অবস্থা জানেন, এটাই আমার জন্য যথেষ্ট, অতএব আমার আর কোনো প্রার্থনার প্রয়োজন নেই।”

এ কাহিনীটি ভিত্তিহীন বানোয়াট কথা। ইহুদিদের মধ্যে প্রচলিত কাহিনী, সনদহীনভাবে মুসলিম সমাজে প্রবেশ করেছে। মুহাদ্দিসগণ একে জাল বলে উল্লেখ করেছেন। কুরআন কারীমে ইবরাহীম (আঃ)-এর অনেক দোয়া উল্লেখ করা হয়েছে। তিনি কখনো কোনো প্রয়োজনে দোয়া করেননি এরূপ কোনো ঘটনা কুরআন বা হাদীসে বর্ণিত হয় নি।[1]

‘তাওয়াক্কুলের’ নামে দোয়া পরিত্যাগ করা কুরআন ও হাদীসের শিক্ষার বিপরীত। ক্ষুদ্রাতিক্ষুদ্র সকল বিষয় আল্লাহর কাছে চাইতে হাদীস শরীফে নির্দেশ দেয়া হয়েছে। এ সকল বিষয় বিস্তারিত জানার জন্য পাঠককে ‘রাহে বেলায়াত’ বইটি পাঠ করতে অনুরোধ করছি।

### ফুটনোট

[1] ইবনু আর্রাক, তানযীহুশ শারীয়াহ ১/২৫০, আজলূনী, কাশফুল খাফা ১/১৩৬, আলবানী, যায়ীফাহ (সিলসিলাতুল আহাদীসিয যায়ীফাহ) ১/৭৪-৭৬, নং ২১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4778

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন